



বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়
ঢাকা

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়

নম্বর সংস্থা/শ-৪০/রে-৯১৯(১০০০)

তারিখ : ২৫ আগস্ট ২০১৪

শোক বার্তা

আমরা অত্যন্ত দুঃখের সাথে জানাচ্ছি যে, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)-এর ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং (আইপিই) বিভাগের প্রাক্তন অধ্যাপক ডঃ মোঃ আনোয়ারুল যাজীম গত শুক্রবার ২২ আগস্ট ২০১৪ তারিখ রাত সাড়ে ১১ টার সময় বারডেম হাসপাতালে ইন্তেকাল করেন। (ইন্সাল্লাহে ----- রাজিউন)।

তিনি ১৯৬১ সালে এই বিশ্ববিদ্যালয়ের যন্ত্রকৌশল বিভাগে প্রভাষক পদে যোগদান করে নিজেকে শিক্ষকতার পেশায় নিয়োজিত করেন। অতঃপর তিনি পর্যায়ক্রমে সহকারী অধ্যাপক, সহযোগী অধ্যাপক, অধ্যাপক এবং সিলেকশন গ্রেড প্রাপ্ত অধ্যাপক পদে উন্নীত হন। তিনি দীর্ঘ সাড়ে চার দশক ধরে অধ্যাপনার পাশাপাশি আইপিই বিভাগের প্রধান, যন্ত্রকৌশল অনুষদের ডীন, ডাইরেক্টরেট অব কনটিনিউইং এডুকেশন (ডিসিই)-এর পরিচালক এবং হলের প্রভোস্টসহ বিভিন্ন প্রশাসনিক পদে দায়িত্ব পালন করে এই বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ব্যবস্থায় অবদান রাখেন। শুধু তাই নয়, জীবনের শেষ দিন পর্যন্ত বুয়েটের ইনস্টিটিউট অব এপ্রোপ্রিয়েট টেকনোলজি (আইএটি)-তে শিক্ষকতার পেশায় নিজেকে নিয়োজিত রাখেন।

তিনি ২০০৪ সাল থেকে চার বছর ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ডুয়েট)-এর উপাচার্যের দায়িত্ব পালন করেন। ১৯৯৬-১৯৯৭ মেয়াদে তিনি ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ (আইইবি)-এর প্রেসিডেন্টের দায়িত্ব এবং ১৯৮৩-১৯৮৫ মেয়াদে ঢাকা সেন্টারের চেয়ারম্যানের দায়িত্ব পালন করেন। তিনি ডুয়েট, আইইবি এবং ঢাকা সেন্টারে দায়িত্ব পালনকালে বিভিন্ন ক্ষেত্রে সফলতার পরিচয় দেন।

এছাড়াও তিনি রাষ্ট্রীয় পর্যায়ে শিল্প খাতসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ কমিটি ও প্রকল্পে কাজ করে এবং দেশে ও বিদেশে অনুষ্ঠিত বিভিন্ন আন্তর্জাতিক পর্যায়ের সেমিনারে ও ওয়ার্কশপে সুচিন্তিত, সুপারিকল্পিত ও বাস্তবসম্মত মতামত প্রদান করে নিজের ও দেশের সুনাম অর্জন করেন। তাঁর এতসব কৃতিত্বপূর্ণ অবদানের জন্য আমরা তাঁর প্রতি কৃতজ্ঞ।

তাঁর মৃত্যুতে আমরা গভীরভাবে শোকাভিভূত। তাঁর পরিবারের সকলের সাথে আমরা সমব্যথিত। আমরা সৃষ্টিকর্তার নিকট প্রার্থনা করছি যে, তাঁর পরিবারের সদস্য ও আত্মীয়স্বজনরা যেন দ্রুত শোক কাটায় উঠতে পারেন এবং মরহুমের রুহের মাগফিরাত কামনা করছি যে, মহান আল্লাহ তাআলা রাব্বুল আলামিন যেন তাঁকে জান্নাতবাসী করেন।

(প্রফেসর ডঃ এ. কে. এম. মাসুদ)
রেজিস্ট্রার (অঃ দাঃ)

all teachers